

৫ বোর্ডের রোববারের এসএসসি ও সমমানের পরীক্ষা স্থগিত

ইত্তেফাক রিপোর্ট

প্রকাশ : ১২ মে ২০২৩, ২১:১২



ফাইল ছবি (সংগৃহীত)

ঘূর্ণিঝড় 'মোখা'র কারণে আগামী রোববারের পাঁচ বোর্ডের এসএসসি ও সমমানের পরীক্ষা স্থগিত করা হয়েছে। বোর্ডগুলো হলো-কুমিল্লা, চট্টগ্রাম, বরিশাল, মাদরাসা ও কারিগরি শিক্ষা বোর্ড।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

শুক্রবার এক বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেছে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি।

এদিকে 'মোখা' অতি প্রবল ঘূর্ণিঝড়ে রূপ নিয়েছে। আবহাওয়া অধিদপ্তর বলছে, 'মোখা' রোববার দুপুর নাগাদ বাংলাদেশের দক্ষিণ-পূর্ব উপকূলে আঘাত হানতে পারে।

আবহাওয়া অধিদপ্তর জানায়, অতি প্রবল ঘূর্ণিঝড় 'মোখা'র কেন্দ্রের কাছাকাছি এলাকায় সাগর খুবই বিক্ষুব্ধ। এজন্য চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্রবন্দরকে ৪ নম্বর স্থানীয় ঝঁশিয়ারি সংকেত দেখাতে বলা হয়েছে।

